

তারিখ
পৃষ্ঠা ৬ কলাম

শিক্ষাকে জীবনমুখী করতে হবে

-শিক্ষামন্ত্রী

শিক্ষা প্রতিষ্ঠান ৪০তম বর্ষ (বৃহস্পতিবার) ইউনেস্কো ঘোষিত 'দর্শন দিবস' উদযাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগ সঙ্গীহকোণী অনুষ্ঠানমালার আয়োজন করেছে। এ অনুষ্ঠানমালার উদ্বোধন উপলক্ষে ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানটি উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিসি অধ্যাপক এস এম এ ফায়েজ এবং এতে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান ফারুক।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডঃ এ বি উ ফজলুল ওয়াহিদ-এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের জিসি অধ্যাপক আবদুল মমিন চৌধুরী, অধ্যাপক ডঃ আবদুল মতিন, অধ্যাপক ডঃ আমিনুল ইসলাম, অধ্যাপক ডঃ গালিব আহসান খান ও ডঃ কাওসার ফুস্তাহা।

প্রধান অতিথির ভাষণে শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান ফারুক দেশে নৈতিকতাসম্পন্ন দক্ষ জনশক্তি তৈরীর শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের উপর গুরুত্বারোপ করে বলেন, শিক্ষাকে জীবনমুখী করতে হবে এবং এজন্য প্রাথমিক পর্যায় থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত আমাদের শিক্ষা ব্যবস্থায় নৈতিকতা, মানবিক মূল্যবোধ, যুক্তিবিদ্যার শিক্ষা প্রবর্তনের লক্ষ্যে শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজানো হচ্ছে। জিসি অধ্যাপক এস এম এ ফায়েজ তার ভাষণে বলেন, সারা বিশ্বে যে অস্থিরতা, অশান্তি, হানাহানি ও মূল্যবোধের অবক্ষয় দেখা দিয়েছে, এ থেকে পরিক্রমা পেতে হলে আমাদের নৈতিকতা ও মূল্যবোধের শিক্ষায় উজ্জীবিত হতে হবে।